# 2022

Diploma Course in Bengali Language (DCBL)

**First Semester : 2nd paper**

General Bengali Grammar

Full Marks: 80 Time: 3 hours

# ২০২২

বাংলা ভাষা ডিপ্লোমা পাঠক্রম

**প্রথম ষাণ্মাসিক : ২য় পত্র**

বাংলা ভাষা বিজ্ঞান

পূর্ণমান: ৮০ সময়: ৩ ঘণ্টা

১। শুদ্ধ উত্তরটি শূন্যস্থানে লিখুন : - ১ x ৫ = ৫

ক) ভাষা যখন ব্যাকরণের অনুশাসন মানতে নারাজ, তখন তাকে ____ (অনুশাসনিক / নিরপেক্ষ) ব্যাকরণ বলা যায়।

খ) ব্যাকরণ হল 'ব্যাখ্যান' স-বিস্তার বর্ণন, এই অভিমত দিয়েছেন ____ (রাজশেখর বসু / হরিচরণ বন্দ্যোপাধ্যায়)।

গ) হরপ্রসাদ শাস্ত্রীর মতে 'বাঙ্গালা ভাষায় কিছু কম ____ (তিনশত / আড়াই শত) ব্যাকরণ রচিত হইয়াছে।'

ঘ) ভাষাতত্ত্ব বিষয়ক ODBL গ্রন্থটির রচনাকার হলেন ____ (ভাষাচার্য সুনীতিকুমার চট্টোপাধ্যায় / শ্রী সুকুমার সেন)।

ঙ) শ্রীসুকুমার সেনের মতে, বাঙালি ভাষা বিজ্ঞানীদের মধ্যে অগ্রগণ্য হলেন ____ (রাজারামমোহন রায় / রবীন্দ্রনাথ ঠাকুর)।

২। অতি সংক্ষিপ্ত উত্তর দিন (যে কোন চারটি) : - ১ x ৪ = ৪

ক) বাংলা ভাষাচিন্তার প্রথম বইটির নাম কী?

খ) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত ভাষাতত্ত্ব বিষয়ক গ্রন্থটির নাম কী?

গ) আভিধানিক হরিচরণ বন্দ্যোপাধ্যায় রচিত বিখ্যাত বইটির নাম লিখুন।

অপর পৃষ্ঠায় দেখুন

ঘ) ১৮৩৩ সালে প্রকাশিত 'গৌড়ীয় ব্যাকরণ' বাঙালির লেখা প্রথম বাংলা ব্যাকরণ। এই ব্যাকরণের রচনাকারের নাম কী?

ঙ) মনোত্রল থেকে সুনীতিকুমার পর্যন্ত বাংলা ব্যাকরণের ধারাটি কত বছরের?

৩। প্রশ্নের উত্তর দিন (যে কোন দু'টি) : - ৩ x ২ = ৬

ক) ব্যাকরণ বলতে কী বোঝায়? বাংলা ব্যাকরণ মূলত কোন ব্যাকরণের অনুসারী?

খ) 'বাংলা ভাষার প্রকৃত ব্যাকরণ এখনও রচিত হয় নাই' —বাক্যটির সত্যতা ব্যাখ্যা করুন। এটি কার অভিমত লিখুন।

গ) হরপ্রসাদ শাস্ত্রী সমস্ত বাংলা ব্যাকরণকে কী কী শ্রেণিতে বিভক্ত করেছেন? সেগুলির রচনাকার কারা?

৪। সঠিক উত্তরটি যথাস্থানে লিখুন (যে কোন চারটি) : - ১ x ৪ = ৪

ক) ঋ, র, য এর পরে সবসময় ____ (ন/ণ) বর্ণ বসে।

খ) বাংলা ব্যঞ্জনবর্ণের মধ্যে তালব্য বর্ণগুলি হল ____ (চ, ছ, জ, ঝ/ট, ঠ, ড, ঢ, ন)।

গ) মহাপ্রাণ ধ্বনি বর্গের ____ (দ্বিতীয় ও চতুর্থ/প্রথম ও তৃতীয়) বর্ণ।

ঘ) 'কন্যা' শব্দটি ____ (অপিনিহিতি/স্বরসঙ্গতি) ফলে হয় 'কইন্যা'।

ঙ) ____ (ধ্বনি বিপর্যয়ের/সমীভবনের) কারণে 'রিকশা' হয় 'রিশকা'।

চ) শব্দের একক ____ (বর্ণ/ধ্বনি)।

ছ) 'অ্যা' একটি ____ (ধ্বনি/বর্ণ)।

৫। অতি সংক্ষিপ্ত উত্তর লিখুন (যে কোন পাঁচটি) : - ১ x ৫ = ৫

ক) বাংলা ভাষায় স্বরধ্বনিগুলি কী কী?

খ) বাংলা সন্ধির নিয়মে বন্ + অন্তর সন্ধি কী হবে?

গ) কোন বানানটি সঠিক: সুচরিতাসু/সুচরিতাষু)।

ঙ) সূত্রসহ সন্ধি বিচ্ছেদ করুন-নবোদয়।

চ) শব্দের বানানে 'ট' এবং 'ঠ' এর পূর্বে সবসময়ই কোন 'স' হয়? উদাহরণ সহ লিখুন।

৬। সংক্ষিপ্ত উত্তর লিখুন (যে কোন তিনটি) : - ২ x ৩ = ৬

ক) স্বরধ্বনি ও ব্যঞ্জনধ্বনির মধ্যে পার্থক্য কী?

খ) ব্যঞ্জনবর্ণে তিনটি 'স' ধ্বনির উচ্চারণ স্থানগুলি কী কী?

গ) বাংলা ধ্বনি পরিবর্তনের ধারায় 'স্বরভক্তি' বলতে কী বোঝায়? উদাহরণ সহ লিখুন।

ঘ) অনুনাসিক বর্ণ কোনগুলি? এদের উচ্চারণ স্থান কোথায়?

ঙ) শ্রীমান, ধীমান ইত্যাদি শব্দের বানানে কোন বিধি (নত্ব/যত্ব) প্রযোজ্য হয়েছে? যুক্তি সহ লিখুন।

৭। উত্তর লিখুন (যে কোনও চারটি) : - ১ x ৪ = ৪

ক) বহুপদকে এক পদে পরিণত করুন- আকাশে বিচরণ করে যে।

খ) দু'টি অর্থবোধক শব্দ লিখুন- 'অগ্নি'।

গ) বিপরীত অর্থ লিখুন:- 'শ্রম'।

ঘ) দু'টি ভিন্ন অর্থ প্রকাশ করুন: 'অর্থ'।

ঙ) পদ পরিবর্তন করুন:- 'উচিত'।

৮। যে কোনও চারটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দিন : - ২ x ৪ = ৮

ক) 'রাজপথ' মৌলিক না যৌগিক শব্দ? যুক্তি সহ লিখুন।

খ) বাংলা শব্দ ভাণ্ডারে 'দেশি' শব্দ কাকে বলে? উদাহরণ সহ লিখুন।

গ) গৃহ, অদ্য এই দু'টি তৎসম শব্দের তদ্ভব রূপটি কী হবে?

ঘ) মন্তর, গেরাম এই অর্ধতৎসম শব্দ দুটির তৎসম রূপটি কী হবে?

ঙ) সমাস নির্ণয় (দু'টি) করুন:- বইপত্র, সিংহাসন, আজন্ম।

৯। একটি প্রশ্নের উত্তর লিখুন : - ১ x ৩ = ৩

ক) নিম্নলিখিত বাক্য দু'টির মধ্যে পদ (বিশেষ্য, বিশেষণ, সর্বনাম, অব্যয়, ক্রিয়া) নির্ণয় করুন:- সৌরভ যখন রেলগাড়ি করে গভীর রাত্রে স্টেশনে এসে পৌঁছালো তখন খুব বৃষ্টি পড়ছিল। সে কিন্তু খুবই সাহসী ছেলে, তবুও তার অন্ধকারে একা থাকতে একটু, ভয় ভয় করছিল।

খ) 'কর' এই ধাতুর (ক্রিয়া) সঙ্গে যে কোনও তিনটি বিভক্তি যোগ করে ক্রিয়াপদ তৈরি করুন।

গ) দাম, কাকাতুয়া, রেস্তোরাঁ-এই শব্দগুলির মূল উৎসভূমি কোথায়?

১০। নির্দেশ অনুযায়ী বাক্যগুলি পরিবর্তন করুন (যে কোন চারটি) : - ১ x ৪ = ৪

ক) সাবধানে না চললে এই অবস্থা হবে। (জটিল বাক্যে)

খ) সকালে আমার খাওয়া হয় নি। (কর্তৃবাচ্যে)

গ) সোজা ঘরে ঢুকে চেয়ারে বসে পড়লাম। (যৌগিক বাক্যে)

ঘ) সবে মাত্র সন্ধ্যা হইয়াছে, চারিদিক হইতে আরাত্রিকের ঘণ্টা বাজিয়া উঠিল। (চলিত ভাষায়)

ঙ) এই নিমিত্তে তোমাদিগকে আহ্বান করা হইয়াছে। (চলিত ভাষায়)

১১। নিম্নলিখিত বাগ্‌ধারার অর্থ লিখে বাক্য রচনা করুন : - ২ x ১ = ২

'আক্কেলসেলামি' *অথবা* 'মগের মুল্লুক'।

১২। চারটি প্রশ্নের উত্তর দিন : - ১ x ৪ = ৪

ক) আশ্চর্যবোধক চিহ্ন দিয়ে, আবেগসূচক বাক্য তৈরি করুন : 'হায় ভগবান কী হল।'

খ) একটি 'অনুজ্ঞাসূচক' বাক্যের উদাহরণ দিন।

গ) বাংলায় চলিত ভাষার পক্ষে প্রথম তাত্ত্বিক যুক্তি কে দেখিয়েছিলেন?

ঘ) সাধু ভাষার প্রধান বৈশিষ্ট্য কী?

ঙ) কালীপ্রসন্ন সিংহের কলকাতার বিশুদ্ধ চলতি ভাষায় রচিত গ্রন্থটির নাম কী?

চ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'জীবনস্মৃতি' গ্রন্থটি কোন ভাষা রীতিতে লেখা? সাধু না চলতি?

ছ) বাংলা গদ্য ভাষারীতির আত্মপ্রকাশ কত শতকে?

১৩। প্রমিত বানান লিখন পদ্ধতি ব্যবহার করে বাক্যটি পুনরায় লিখুন (যে কোন পাঁচটি) : - ১ x ৫ = ৫

ক) তুমি কি আজো / আজও আসবে না।

খ) ও এর মধ্যেই চলে গেছে? সে কী / সে কি?

গ) ছেলেটি আমার কথা শুনল না / শুনলনা।

ঘ) সে কি / সে কী কাজটা শেষ করেছে?

ঙ) যাওনা / যাও না কলমটা এনে দাও।

চ) এমন কী / এমনকী আমিও কথাটা জানি।


অপর পৃষ্ঠায় দেখুন

১৪। বিরতি চিহ্ন ব্যবহার করে বাক্যটি পুনরায় লিখুন (যে কোন একটি) : - ২

ক) তিনি বললেন আমার দ্বারা এ কাজ হবে না

খ) আচ্ছা তুমি যা চাইছ তাই হবে

১৫। যে কোনও দু'টি প্রশ্নের উত্তর লিখুন : - ৩ x ২ = ৬

ক) বাংলা বানান সংস্কারের জন্য কবে থেকে এবং কারা অগ্রণীর ভূমিকা নিয়েছিলেন?

খ) বাংলায় 'ব' (পেটকাটা) কেন, কবে, কার হাত ধরে 'র' (নিচে বিন্দু দিয়ে)-তে রূপান্তরিত হল?

গ) রবীন্দ্রনাথ ঠাকুর কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বানানরীতি কি মেনে নিয়েছিলেন? অল্প কথায় বুঝিয়ে লিখুন।

১৬। কোন বানান প্রমিত : - ১/২ x ৪ = ২

ক) সঙ্গীত / সংগীত, অঙ্কুশ / অংকুশ

খ) ইতস্তত / ইতঃস্তত, অতঃপর / অতপর

১৭। যে কোনও চারটি প্রশ্নের অতি সংক্ষিপ্ত উত্তর দিন : - ১ x ৪ = ৪

ক) সিলেটি বঙ্গ ভাষাটি বাংলার কোন উপভাষার অন্তর্গত?

খ) বরাক উপত্যকার একজন আঞ্চলিক অভিধান রচনাকারের নাম লিখুন।

গ) সিলেটি উপ-ভাষায় ব্যবহৃত দ্বিত্ব ব্যঞ্জনধ্বনির একটি উদাহরণ লিখুন।

ঘ) গ্রিয়ার্সন প্রণীত ভাষা জরিপের অনেক খণ্ডে প্রকাশিত বইটির নাম কী?

ঙ) ইংরেজি শব্দ 'গার্জিয়ান' —এর সিলেটি তদ্ভব রূপটি কী হবে?

১৮। যে কোনও দু'টি প্রশ্নের উত্তর লিখুন : - ৩ x ২ = ৬

ক) মান্য চলিত ভাষা বলতে কী বোঝায়? বাংলা ভাষার এই রূপটি কীভাবে গঠিত হয়েছে?

খ) উপভাষার সঙ্গে মূলস্রোত ভাষার সম্পর্ক কতখানি?

গ) সিলেটি ভাষা অঞ্চল বলতে কোন স্থানগুলিকে বোঝায়? কাছাড়ের সিলেটি উপভাষার সঙ্গে সিলেট জেলার ভাষার কী ধরনের পার্থক্য আছে?

- শেষ পৃষ্ঠা -